# ইতিহাস দ্বিতীয় পত্র

একাদশ-দ্বাদশ শ্রেণি

# প্রথম অধ্যায়: শিল্পবিপ্লব

## ইংল্যান্ডে শিল্পবিপ্লব

শিল্পবিপ্লব কথাটি প্রথম ব্যবহার করেন ফরাসি সমাজতাত্রিক লেখক জেরোম আডলফ ব্লাঙ্কি। সাধারণত অর্থে শিল্পবিপ্লব বলতে বোঝায় আধুনিক যন্ত্রনির্ভর সভ্যতা। নতুন নতুন প্রযুক্তি আবিষ্কারের মাধ্যমে উৎপাদন ব্যবস্থার যুগান্তকারী পরিবর্তন। আঠারো শতকে ইংল্যান্ডে বাষ্পীয় ইঞ্জিনসহ বেশকিছু বৈজ্ঞানিক আবিষ্কার হয়। যার ফলে শিল্পবিপ্লব ত্বরান্বিত হয়। শিল্পবিপ্লব ইংল্যান্ডে শুরু হলেও পরবর্তীতে ইউরোপসহ বিশ্বের ছড়িয়ে পড়ে।

## ফ্রান্সে শিল্পবিপ্লব

- ফ্রান্সে শিল্পবিপ্লব দেরিতে সংগঠিত হওয়ার কারণ- স্বেচ্ছাসেবী রাজতন্ত্র ও রক্ষণশীল সমাজব্যবস্থা।
- ফ্রান্সের উপনিবেশগুলো হারানোর কারণ- ফরাসি বিপ্লব।
- ফরাসি বিপ্লবের পূর্বে ফ্রান্সের অভিজাতরা ছিলেন- রক্ষণশীল ও শ্রমবিমুখ।

## রেনেসাঁ

রেনেসাঁ অর্থ পুনর্জাগরণ। তবে পনেরো শতকে ইউরোপীয় বিভিন্ন দেশে প্রাচীন গ্রিক বিদ্যার চর্চা নতুন করে শুরু হওয়র কারণে মানুষের চিন্তা চেতনায় যে পরিবর্তন সাধিত হয়, তাকেই রেনেসাঁ বলে অভিহিত করা হয়। রেনেসাঁর অন্যতম বৈশিষ্ট্য ছিল প্রাচীন পুস্তক অধ্যয়নের অনুশীলন বৃদ্ধি, রাজকীয় ও ধর্মীয় পৃষ্ঠপোষকতার উত্থান এবং বিজ্ঞানের যান্ত্রিক উন্নতি। **ইতালির ফ্লোরেন্স নগরী রেনেসাঁর উৎপত্তিস্থল।**

## ম্যানর প্রথা

- মধ্যযুগে ইংল্যান্ডের কৃষি ব্যবস্থায় চালু ছিল- ম্যানর পদ্ধতি।
- ম্যানর চাষীরা ছিলেন- ভূমিদাস।
- ম্যানর পদ্ধতি বা প্রথা হলো- যে বিশেষ প্রথার মাধ্যমে একটি গ্রামের সব জমি একত্রে চাষ করে নিজেদের প্রয়োজনীয় পণ্য উৎপাদন করা।

## আয়রন এজ (Iron Age)

লোহাকে নানাবিধ উপায়ে ব্যবহারের প্রক্রিয়া আবিষ্কার ও অনুসরণের মাধ্যমে ইংল্যান্ডে আয়রন এজ নামে পরিচিত শিল্পায়িত যুগের সূচনা ঘটে। শিল্পবিপ্লবের পূর্বে ইংল্যান্ডে লোহা ও কয়লা সহজলভ্য ছিল। ফলে নতুন যন্ত্রপাতি তৈরির করার জন্য লৌহ শিল্পের উন্নতি হয়। ১৭৬০ সালে **স্কটল্যান্ডের ক্যারন লোহা** কারখানায় কয়লার সাহায্যে লোহা গলানোর পদ্ধতি আবিষ্কৃত হলে লোহার ব্যবহার সহজ হয়। এরপর হেনরি **কর্ট** গলিত কাঁচা লোহাকে পেটা লোহায় পরিণত করার পদ্ধতি উদ্ভাবন করেন। এভাবে ইংল্যান্ডে আয়রন এজ' এর সূত্রপাত ঘটে।

## দরিদ্র আইন

- ব্রিটেনের দরিদ্র আইন প্রণয়ন করেন- রানি প্রথম এলিজাবেথ।
- এই আইনের লক্ষ্য ছিল- দারিদ্র্য দূর করা।
- আইনটি প্রণীত হয়- ১৬০১ সালে।
- আইনের গুরুত্বপূর্ণ মানবিক দিক- দরিদ্র বাবা মা এবং সন্তানেরা একে অপরকে দায়িত্ব নেবে এবং বৃদ্ধ বাবা-মা তাদের সন্তানদের সাথে বাস করবে।

**শিল্পবিপ্লবের পর্যায় ৪টি-**

- প্রথম পর্যায়- ১৭৩৩-১৮৫০ (বস্ত্রশিল্পের সূচনার মাধ্যমে)।
- দ্বিতীয় পর্যায়- ১৮৫০-১৯৪৫ (ইস্পাত, স্টিল আবিষ্কারের মাধ্যমে)
- তৃতীয় পর্যায়- ১৯৪৫-বর্তমান (তথ্য প্রযুক্তির বিপ্লবের মাধ্যমে)।
- চতুর্থ পর্যায়- তথ্য প্রযুক্তি ও কৃত্রিম বুদ্ধিমত্তানির্ভর ভবিষ্যতের শিল্পব্যবস্থাপনা।

## এক নজরে এ অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্য


- শিল্পবিপ্লব গ্রন্থের লেখক- জেরম এডলফ ব্লাঙ্ক (ফ্রান্স)।
- শিল্পবিপ্লবের ইংরেজি প্রতিশব্দ- Industrial Revolution.
- ফ্রান্সে শিল্পবিপ্লব হয়- উনিশ শতকের তৃতীয় দশকে।
- ইংল্যান্ডে গৌরবময় বিপ্লব হয়- ১৬৮৮ সালে।
- ইংল্যান্ডের পর শিল্পবিপ্লব ঘটে- বেলজিয়ামে।
- ইংল্যান্ডের সাথে স্কটল্যান্ড একত্রিত হয়- ১৭০৭ সালে।
- শিল্পবিপ্লবের অন্যতম সূতিকাগার বা শক্তি ছিল- জ্বালানি শক্তি।
- Smart Factory যে দেশের উচ্চাভিলাষী প্রজেক্ট- জার্মানি।
- Open Door Doctrine যে দেশের নীতি- মার্কিন যুক্তরাষ্ট্র।
- ইংল্যান্ডের যে বিপ্লব শিল্পবিপ্লবকে ত্বরান্বিত করেছে- কৃষি বিপ্লব।
- 'দ্য কন্ডিশন অব দ্য ওয়ার্কিং ক্লাস ইন ইংল্যান্ড' গ্রন্থের লেখক- ফ্রেডেরিক এঙ্গেলস।
- ঐতিহাসিকরা সাম্রাজ্যবাদের যুগ বলে অভিহিত করেছেন- (১৮৭০-১৯১৪) সালকে।




বৈদ্যুতিক বাতির আবিষ্কারক হামফ্রে ডেভি।



লাইট বাল্বের আবিষ্কারক টমাস আলভা এডিসন



ক্যালকুলেটরের আবিষ্কারক চার্লস ব্যাবেজ



টেলিফোনের আবিষ্কারক আলেকজান্ডার গ্রাহাম বেল

## অনুশীলনী

01. 'ব্রিটেন নব নব ধারণা মুক্ত প্রকাশ মঞ্চ হিসেবে চিহ্নিত হয়ে আছে'-উক্তিটি কার?
A. আইজ্যাক নিউটনের
B. নিউকোমেনের
C. রবার্ট বোয়েলের
D. জেরোম অ্যাডলফ ব্লাংকির

02. সামন্ত ও ভূমিদাসপ্রথা সর্বপ্রথম কোন দেশ থেকে বিলোপ হয়?
A. জার্মানি
B. ইতালি
C. ফ্রান্স
D. ব্রিটেন

03. শিল্পবিপ্লবের পূর্বে ইংল্যান্ডের অর্থনৈতিক অবস্থা কেমন ছিল?
A. কৃষি ও ম্যানর প্রথা নির্ভর
B. শিল্প নির্ভর
C. বাণিজ্য নির্ভর
D. যন্ত্র নির্ভর

04. ইংল্যান্ডের প্রথম নেভিগেশন অ্যাক্টের বিষয়বস্তু কী ছিল?
A. পণ্য আমদানি
B. পণ্য বাজারজাতকরণ
C. পণ্য রপ্তানি
D. পণ্য মূল্য নির্ধারণ

05. এরিক হবসবম-এর মতে, ইংল্যান্ডে কত সালে শিল্প বিপ্লবের সূত্রপাত হয়?
A. ১৭৮০
B. ১৭৮১
C. ১৭৮২
D. ১৭৮৩

06. ক্যালকুলেটর কে আবিষ্কার করেন?
A. চার্লস ব্যাবেজ
B. জন টিন্ডল
C. উইলিয়াম স্টার্জন
D. জর্জ স্টিফেনসন

07. কে যন্ত্র চালিত রেল ইঞ্জিন আবিষ্কার করেন?
A. জন কে
B. ম্যাকডম
C. টেলকোড
D. জর্জ স্টিফেনসন

08. কত সালে জন কে প্রথম কলের মাকু আবিষ্কার করেন?
A. ১৭৩২
B. ১৭৩৩
C. ১৭৩৪
D. ১৭৩৬

09. কত সালে স্টিম ইঞ্জিন আবিষ্কার হয়?
A. ১৭৬৮
B. ১৭৬৯
C. ১৭৬৫
D. ১৭৭১

10. কোনটিকে আধুনিক যন্ত্রনির্ভর সভ্যতার ভিত্তিপ্রস্তরস্বরূপ বলা হয়?
A. ফরাসি বিপ্লবকে
B. শিল্পবিপ্লবকে
C. কৃষি বিপ্লবকে
D. রুশ বিপ্লবকে

11. পনেরো শতকে ইউরোপীয়দের দৃষ্টিভঙ্গিতে বিজ্ঞান মনস্কতার জন্ম হয় কিসের প্রভাবে?
A. শিল্পকলার উন্নয়নের
B. শিল্পবিপ্লবের
C. কৃষি বিপ্লবের
D. রেনেসাঁর

12. ফ্রান্সে শিল্পবিপ্লব বিকাশের অন্যতম বাধা কী ছিল?
A. সমাজতন্ত্র
B. রাজতন্ত্র
C. পুঁজিবাদ
D. ধনিকতন্ত্র

13. শিল্পবিপ্লবের ফলে পুঁজিবাদের উদ্ভব হলে কারা বেশি ক্ষতিগ্রস্ত হয়?
A. ক্ষুদ্র উদ্যোক্তারা
B. বৃহৎ উদ্যোক্তারা
C. লগ্নিকারী প্রতিষ্ঠান
D. বৃহৎ শিল্প প্রতিষ্ঠান

14. শিল্প বিপ্লব শব্দটি প্রথম কে ব্যবহার করেন?
A. জেরোম অ্যাডলফ ব্লাংকি
B. মহামতি ভলতেয়ার
C. আর্নল্ড টয়েনবি
D. ভিক্টর হুগো

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | D | 02 | D | 03 | A | 04 | A | 05 | A | 06 | A | 07 | D | 08 | B |
| 09 | C | 10 | B | 11 | D | 12 | B | 13 | A | 14 | A | | | | |

15. শিল্প বিপ্লব প্রথম শুরু হয় কোথায়?

A. ফ্রান্স B. ইংল্যান্ড C. রাশিয়া D. জার্মানি

16. ইংল্যান্ডে শিল্প বিপ্লব কোন শতকে আরম্ভ হয়?

A. চতুর্দশ B. পঞ্চদশ C. সপ্তদশ D. অষ্টাদশ

17. শিল্প বিপ্লবকে উৎসাহিত করে-

A. আন্তর্জাতিক বাণিজ্য B. যোগাযোগ ব্যবস্থা

C. সস্তা শ্রম D. আন্তর্জাতিক রাজনীতি

18. ইংল্যান্ডে সংঘটিত হয়েছিল কোনটি?

A. শিল্প বিপ্লব B. গৌরবময় বিপ্লব

C. জুলাই বিপ্লব D. বলশেভিক বিপ্লব

19. ইংল্যান্ডে সর্বপ্রথম কোন শিল্পে বৈজ্ঞানিক আবিষ্কার শুরু হয়?

A. কুটির শিল্পে B. বয়নশিল্পে C. লৌহ শিল্পে D. চুন শিল্পে

20. স্পিনিং জেনি কী ধরনের যন্ত্র?

A. সুতা কাটার যন্ত্র B. কাপড় ছাপার যন্ত্র

C. কাপড় ধোলাইয়ের যন্ত্র D. লোহা গলানোর যন্ত্র

21. বাষ্পীয় ইঞ্জিন আবিষ্কার করেন কে?

A. জন কে B. স্টিফেন সন C. জেমস ওয়াট D. হামফ্রে ডেভি

22. ওয়াটার ফ্রেম যন্ত্র কে আবিষ্কার করেন?

A. আর্করাইট B. স্যামুয়েল ক্রমপটন

C. হারগ্রিভস D. জর্জ স্টিফেন সন

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 15 | B | 16 | D | 17 | A | 18 | A | 19 | B | 20 | A | 21 | C | 22 | A |

# দ্বিতীয় অধ্যায়ঃ ফরাসি বিপ্লব

## ফরাসি বিপ্লব

সাম্য, মৈত্রী ও স্বাধীনতার বাণী নিয়ে ১৭৮৯ সালের ১৪ জুলাই ফ্রান্সে সংঘটিত হয় ঐতিহাসিক ফরাসি বিপ্লব। এ বিপ্লব ফ্রান্সের পুরনো সমাজ পুরনো শাসনব্যবস্থা ভেঙ্গে নতুন যুগের সূচনা করে পতন ঘটে ফ্রান্সের স্বৈরাচারী বুরবোঁ রাজবংশের এবং রাজতন্ত্রের প্রতীক বাস্তিল দুর্গের। ফরাসি বিপ্লবের মাধ্যমে ভেঙ্গে যায় ঘুনে ধরা ইউরোপীয় সমাজব্যবস্থা। ফরাসি রাজনীতিবিদ আঁতোয়াঁ বারনাভ বলেছেন, **ফরাসি বিপ্লব ইউরোপীয় প্রবণতারই হলো বহিঃপ্রকাশ**। ফরাসি বিপ্লব **১০ বছর** স্থায়ী ছিল।

## লেটার দ্য কেশে

- লেটার দ্য কেশে নামক গ্রেপ্তারি পরোয়ানা চালু ছিল- ফ্রান্সে।
- ফ্রান্সের লুই শাসকরা এই গ্রেপ্তারি পরোয়ানার মাধ্যমে ফরাসি বিপ্লবের পূর্বে অনেক লোককে কারারুদ্ধ করে পরে হত্যা করে।

## ফরাসি বিপ্লবের বধ্যভূমি

ফরাসি বিপ্লবের সময় বিপ্লববিরোধী বিদ্রোহীদের **গিলোটিনে শিরচ্ছেদ** করার জন্য একটি নির্দিষ্ট স্থানকে নির্ধারণ করা হয়, যা ফ্রান্সের ইতিহাসে বিপ্লবের বধ্যভূমি নামে পরিচিত। **রোবসপিয়ার সন্ত্রাসের রাজত্ব কায়েমের জন্য** গণনিরাপত্তা কমিটি গঠন করেন। এই গণনিরাপত্তা কমিটি লক্ষাধিক সন্দেহভাজনকে নির্ধারিত স্থানে গিলোটিনের সাহায্যে হত্যা করে। ফলে পরবর্তীতে এই স্থানকে বিপ্লবের বধ্যভূমি বলা হয়।

## ফরাসি বিপ্লবের দার্শনিক

| দার্শনিক | বিশেষ তথ্য |
|---|---|
| মন্টেস্কু | ➢ মন্টেস্কু ছিলেন নিয়মতান্ত্রিক রাজতন্ত্রের সমর্থক।<br>➢ মন্টেস্কু বলেন, কোনো দেশে কী ধরনের আইন ও সংগঠন থাকবে তা নির্ভর করবে সেই দেশের প্রাকৃতিক পরিবেশের উপর।<br>➢ তিনি বিভাজন তত্ত্ব Theory of the Seperation of Powers প্রদান করেন।<br>➢ মন্টেস্কু আইন, শাসন ও বিচার বিভাগকে পৃথক করার পরামর্শ দেন। |
| ভলতেয়ার | ➢ ভলতেয়ারের প্রকৃত নাম ফ্রাঁসোয়া-মাঁরি।<br>➢ গ্রন্থ- Zadig, Oedipe।<br>➢ উক্তি- গির্জা হলো কুসংস্কার ও দুর্নীতির ঘাটি।<br>➢ ভলতেয়ারকে বলা হতো মানবজাতির বিবেক। |
| জ্যাঁক রুশো | ➢ ফরাসি বিপ্লবের মূল কারিগর বলা হয় রুশোকে।<br>➢ গ্রন্থ- Discourse on the Rorigin of Inequality.<br>➢ রুশোর জন্ম- সুইজারল্যান্ডে। |

*নোট: ফরাসি বিপ্লবের আরো ২ জন দার্শনিক হলেন ডেনিস দিদেরো ও জ্যান লি রন্ড ডি এলেমবার্ট।*

## বাস্তিল দুর্গ

বাস্তিল দুর্গ ছিল একটি রাজ কারাগার। এর অবস্থান ছিল প্যারিস নগরীর কাছে। রাজতন্ত্রের শোষণ ও অত্যাচারের প্রতীক ছিল এ দুর্গ। ফরাসি বিপ্লবের সময় গুজব ছড়িয়ে পড়ে যে, বাস্তিল দুর্গে প্রচুর অস্ত্র আছে। এরূপ গুজবে জনতা ১৭৮৯ সালের ১৪ জুলাই বাস্তিল দুর্গ অবরোধ করে এবং তা দখল করে। এরপর তারা বাস্তিলের গভর্নর ও প্রহরীদের হত্যা করে বন্দিদের মুক্ত করে দেয়। বাস্তিল দুর্গের পতন ছিল একটি বড় ঘটনা। কেননা এটি ছিল রাজতন্ত্রের প্রতীক। বাস্তিল দুর্গের পতন স্বৈরতন্ত্রের পতনকেই নির্দেশ করে।

## জন নিরাপত্তা কমিটি ও বিপ্লবী বিচারালয়

- বিপ্লব বিরোধী ব্যক্তিদের বিচারের জন্য গঠিত বিশেষ আদালতের নাম- বিপ্লবী বিচারালয়।
- জ্যাকোবিন দলের নেতা রোবসপিয়ারের নেতৃত্বে গঠিত হয়- জননিরাপত্তা কমিটি।
- ১৭৯৩ থেকে ১৭৯৪ সাল পর্যন্ত সন্ত্রাসবাদী শাসন পরিচালনা করে- রোবসপিয়ার।
- ফ্রান্সে বিপ্লব বিরোধীদের হত্যা করা হয়- গিলোটিনের মাধ্যমে।
- জন নিরাপত্তা কমিটির সদস্য ছিল- ৫০ হাজার।

## কোড নেপোলিয়ন

- কোড নেপোলিয়ন হলো- ফ্রান্সের প্রথম লিপিবদ্ধ আইন।
- ফ্রান্সের অন্যতম শ্রেষ্ঠ সম্রাট নেপোলিয়নের শাসনামলে আইনজ্ঞ কমিটি দ্বারা রচিত আইনি দলিলকে কোড নেপোলিয়ন বলা হয়।

## এক নজরে এ অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্য

- ফ্রান্সের জ্ঞানদীপ্তির শতাব্দী- অষ্টাদশ।
- 'New Heloise' গ্রন্থের লেখক- জ্যাক রুশো।
- টেনিস কোর্ট শপথ অনুষ্ঠিত হয়েছিল- ১৭৮৯ সালের ২০ জুন।
- দ্বিতীয় জাস্টিনিয়ান বলা হয়- নেপোলিয়ন বোনাপার্টকে।
- 'লিজিয়ন অব অনার' পদবী সৃষ্টি করেন- নেপোলিয়ন।
- ফ্রান্সে রুটির দাঙ্গা হয়- ১৭৭৫ থেকে ১৭৭৮ সাল পর্যন্ত।
- বাস্তিল দুর্গের পূর্বনাম- Bastile Saint-Antoine.
- ফিজিওক্র্যাটদের প্রবক্তা ছিলেন- এডাম স্মিথ।
- নেপোলিয়ন ফরাসি বিপ্লবের জন্য দায়ী করেছেন- সামাজিক অহমিকাকে।

### নেপোলিয়নের সাথে জড়িত সাল

- ১৭৬৯- জন্ম (কর্সিকা দ্বীপে)
- ১৭৯১- লেফটেন্যান্ট
- ১৭৯৬- ইতালি অভিযান
- ১৭৯৯- কনসুলেট সরকার
- ১৮০১- 'কোড নেপোলিয়ন' প্রণয়ন
- ১৮০২- 'লিজিয়ন অব অনার' পদবী চালু
- ১৮০৪- ফ্রান্সের সম্রাট পদে বসেন
- ১৮১৪- সেন্ট এলবা দ্বীপে নির্বাসন
- ১৮২১- সেন্ট হেলেনা দ্বীপে নির্বাসন ও মৃত্যু



সম্রাট নেপোলিয়ন

আমি ৬০টি যুদ্ধে অংশগ্রহণ করেছি, কিন্তু আমি এমন কিছু শিখিনি, যা আমি শুরুতে জানতাম না।

## অনুশীলনী

01. বিপ্লবের প্রাক্কালে ফ্রান্সের সমাজ কয়টি ভাগে বিভক্ত ছিল?
A. ২ B. ৩ C. ৪ D. ৫

02. [illegible] সালে ফ্রান্সে কয়টি জাতীয় আদালত গঠন করা হয়?
A. ২ B. ৩ C. ৪ D. ৫

03. 'Social Contract' গ্রন্থটির লেখক কে?
A. রুশো B. ভলতেয়ার C. দিদারো D. মন্টেস্কু

04. ক্ষমতা স্বতন্ত্রীকরণের প্রবক্তা কে?
A. মন্টেস্কু B. ভলতেয়ার C. রুশো D. দিদেরো

05. [illegible] প্রবক্তা ছিলেন কে?
A. অ্যাডাম স্মিথ B. মন্টেস্কু C. ভলতেয়ার D. রুশো

06. কে নিয়মতান্ত্রিক রাজতন্ত্রের সমর্থক ছিলেন?
A. মন্টেস্কু B. দিদেরো C. রিশেল্যু D. ম্যাজারিন

07. কত সালে ফ্রান্সে নিয়মতান্ত্রিক রাজতন্ত্রের শাসন শুরু হয়?
A. ১৭৯০ B. ১৭৯১ C. ১৭৯২ D. ১৭৯৩

08. টেনিস কোর্ট শপথ কোন বিষয়টির সাথে জড়িত?
A. রুশ বিপ্লব B. ফরাসি বিপ্লব C. শিল্প বিপ্লব D. কৃষি বিপ্লব

09. নেপোলিয়ন কত সালে ফ্রান্সের শাসনভার গ্রহণ করেন?
A. ১৭৯৭ B. ১৭৯৮ C. ১৭৯৯ D. ১৮০০

10. নেপোলিয়ন ফরাসি বিপ্লবের জন্য কোনটিকে দায়ী করেছেন?
A. সামাজিক শ্রেণিবিভাগকে B. সামাজিক অহমিকাকে
C. সামাজিক দলকে D. সামাজিক সংহতির অভাবকে

11. ফরাসি বিপ্লব কত সালে সংঘটিত হয়?
A. ১৭৪০ সালে B. ১৭৮০ সালে C. ১৭৮৯ সালে D. ১৯১৭ সালে

12. বুর্জোয়ারা কোন শ্রেণির অন্তর্গত?
A. প্রথম B. দ্বিতীয় C. তৃতীয় D. চতুর্থ

13. ফ্রান্সে যাজকদের পরেই যে সম্প্রদায়ের স্থান ছিল-
A. বুদ্ধিজীবী B. মধ্যবিত্ত C. কৃষক D. অভিজাত শ্রেণি

14. "I am the State" উক্তিটি কার?
A. ত্রয়োদশ লুই B. চতুর্দশ লুই C. পঞ্চদশ লুই D. ষোড়শ লুই

15. ফরাসি বিপ্লবের মূলমন্ত্র ছিল-
A. গণতন্ত্র ও ভ্রাতৃত্ব B. সাম্য, মৈত্রী ও স্বাধীনতা
C. সমাজবাদ ও সমাজতন্ত্র D. সহনশীলতা ও গণতন্ত্র

16. ফ্রান্সে বাস্তিল দুর্গ কীসের প্রতীক ছিল?
A. অভিজাততন্ত্রের B. রাজতন্ত্রের
C. গণতন্ত্রের D. একনায়কতন্ত্রের

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | A | 02 | A | 03 | A | 04 | A | 05 | A | 06 | A | 07 | B | 08 | B |
| 09 | C | 10 | B | 11 | C | 12 | C | 13 | D | 14 | B | 15 | B | 16 | B |

## তৃতীয় অধ্যায়: প্রথম বিশ্বযুদ্ধ এবং লীগ অব নেশনস ও ভার্সাই সন্ধি

### প্রথম বিশ্বযুদ্ধ

অস্ট্রিয়ার যুবরাজের সস্ত্রীক হত্যাকাণ্ডকে কেন্দ্র করে প্রথম বিশ্বযুদ্ধের সূচনা হয়। এ ঘটনার জেরে অস্ট্রিয়া ১৯১৪ সালের ২৫ জুলাই সার্বিয়ার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। ফলে রাশিয়া পশ্চিম রণাঙ্গনে সৈন্য সমাবেশ করে। জার্মানি ৩১ জুলাই ১২ ঘন্টার মধ্যে রাশিয়াকে সৈন্য সরিয়ে নিতে বলে। রাশিয়া কোনো জবাব না দিলে জার্মানি ১ আগস্ট রাশিয়া ও ৩ আগস্ট ফ্রান্স আক্রমণ করে। এ দিকে ২ আগস্ট তুর্কি সরকার জার্মানির পক্ষে যোগদান করে। জার্মানি বেলজিয়ামের নিরপেক্ষতা ভঙ্গ করলে ৪ আগস্ট ব্রিটেন জার্মানির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। এভাবে শুরু হয় প্রথম বিশ্বযুদ্ধ।

### লীগ অব নেশনস

লীগ অব নেশনস গঠনের মূল উদ্দেশ্য ছিল স্থায়ী শান্তি প্রতিষ্ঠা করা। সদস্য রাষ্ট্রগুলোর রাজনৈতিক সীমানা অক্ষুণ্ণ রাখা, একে অপরকে আক্রমণ করতে নিরুৎসাহিত করা এবং কোনো সদস্য রাষ্ট্র অপর রাষ্ট্র কর্তৃক আক্রান্ত হলে সমবেতভাবে আক্রান্ত রাষ্ট্রকে সহায়তা করা, সংখ্যালঘু সমস্যা, ম্যান্ডেট ইত্যাদি বিষয়ে আলোচনার মাধ্যমে সমাধান করা এ লীগ গঠনের উদ্দেশ্য ছিল। লীগ অব নেশনস এর দুটি শক্তিশালী অঙ্গ ছিল। একটি কাউন্সিল এবং অপরটি সাধারণ পরিষদ। বিশ্বের শক্তিধর ৫টি রাষ্ট্র যেমন- ব্রিটেন, মার্কিন যুক্তরাষ্ট্র, ফ্রান্স, ইতালি ও জাপান এই কাউন্সিলের স্থায়ী সদ্য মনোনীত হয়।

### ভার্সাই সন্ধি

ফ্রান্সের ভার্সাই নগরীতে প্রথম বিশ্বযুদ্ধে বিজয়ী মিত্রশক্তি জোটের সাথে পরাজিত জার্মানির যে শান্তি চুক্তি স্বাক্ষীরত হয় তাই ভার্সাই সন্ধি নামে পরিচিত। প্রথম বিশ্বযুদ্ধের পর মিত্রশক্তি এবং অক্ষশক্তি জার্মানি ও তার মিত্রদের মধ্যে শান্তি চুক্তি সম্পাদনের জন্য এক আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হয়। এ সম্মেলন ফ্রান্সের ভার্সাই নগরীতে হয়েছিল বলে এই চুক্তিকে ভার্সাই সন্ধি নামে অভিহিত করা হয়। ১৯১৯ সালের ২৮ জুন ভার্সাই চুক্তি স্বাক্ষরিত হয়। এ সম্মেলনে ৩২টি দেশের প্রতিনিধিরা অংশ নেন।

### ত্রিশক্তি চুক্তি ও ত্রিশক্তি আঁতাত

- প্রথম বিশ্বযুদ্ধের অন্যতম কারণ ছিল ত্রিশক্তি চুক্তি।
- ত্রিশক্তি চুক্তিতে স্বাক্ষর করে- জার্মানি, অস্ট্রিয়া-হাঙ্গেরি ও ইতালি।
- পরাশক্তি জার্মানিকে মোকাবিলা করার জন্য গড়ে ওঠে- ত্রিশক্তি আঁতাত।
- ত্রিশক্তি আঁতাত জোটের সদস্য ছিল- ফ্রান্স, রাশিয়া ও ইংল্যান্ড।

## এক নজরে গুরুত্বপূর্ণ তথ্য

- "আমি উপনিবেশবাদী লোক নই" উক্তিটি করেন- বিসমার্ক।
- ভার্সাই চুক্তিকে প্রাধান্য পায়- সংকীর্ণ জাতীয় স্বার্থরক্ষার।
- লন্ডন চুক্তি স্বাক্ষরিত হয়- ১৮৩৯ সালে।
- ত্রি-সম্রাট লীগ গঠিত হয়- ১৮৭৩ সালে।
- পরাজিতদের প্রতি বিজিতদের প্রতিশোধমূলক ব্যবস্থার দলিল বলা হয়- ভার্সাই সন্ধিকে।
- অটোভন বিসমার্কের পতন হয়- ১৮৯০ সালে।
- বলকান- একটি তুর্কি ভাষার শব্দ। এর অর্থ- পাহাড়।

# অনুশীলনী

01. কত সালে প্রথম বিশ্বযুদ্ধ শুরু হয়?

A. ১৯১৩ B. ১৯১৪ C. ১৯১৫ D. ১৯১৬

02. প্রথম বিশ্বযুদ্ধের সময়ে গণতান্ত্রিক রাষ্ট্র ছিল কোনটি?

A. রাশিয়া B. ফ্রান্স C. জার্মানি D. ব্রিটেন

03. বিশ শতকের প্রথম দিকে নিচের কোন দেশ ছিল পৃথিবীর সর্ববৃহৎ ঔপনিবেশিক শক্তি?

A. জাপান B. মার্কিন যুক্তরাষ্ট্র C. পর্তুগাল D. ব্রিটেন

04. কত তারিখে জার্মানি ফ্রান্সের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে?

A. ২ আগস্ট ১৯১৪ B. ৩ আগস্ট ১৯১৪

C. ৪ আগস্ট ১৯১৪ D. ৫ আগস্ট ১৯১৪

05. জার্মানি কত তারিখে রাশিয়া আক্রমণ করে?

A. ১ আগস্ট ১৯১৪ B. ২ আগস্ট ১৯১৪

C. ৩ আগস্ট ১৯১৪ D. ৪ আগস্ট ১৯১৪

06. কত সালে লন্ডন চুক্তি স্বাক্ষরিত হয়?

A. ১৮৩৮ B. ১৮৩৯ C. ১৮৪০ D. ১৮৪১

07. কত সালে ফ্রান্স জার্মানির কাছে পরাজিত হয়?

A. ১৮৭০ B. ১৮৭১ C. ১৮৭২ D. ১৮৭৩

08. প্যারিস শান্তি সম্মেলনের মূল ভিত্তি হিসেবে তুমি নিচের কোনটিকে যথাযথ মনে কর?

A. লয়েড জর্জের প্রস্তাব B. ম্যাগনাকার্টা সনদ

C. মানবাধিকার সনদ D. উইলসনের চৌদ্দ দফা

09. কোন চুক্তির মধ্যে দিয়ে প্রথম বিশ্বযুদ্ধের সমাপ্তি হয়?

A. প্যারিস চুক্তি B. ভার্সাই চুক্তি C. জেনেভা চুক্তি D. বার্লিন চুক্তি

10. ভার্সাই শান্তি চুক্তিতে কীসের ইচ্ছা প্রাধান্য পায়?

A. আদর্শবাদের B. সংকীর্ণ জাতীয় স্বার্থরক্ষার

C. আন্তর্জাতিক শান্তির D. আন্তর্জাতিক সম্প্রীতির

11. "আমি উপনিবেশবাদী লোক নই" উক্তিটি কার?

A. হিটলার B. মেজারিন C. মুসোলিনী D. বিসমার্ক

12. ত্রিশক্তি মৈত্রী জোটের বিপরীত হিসেবে গড়ে ওঠে কোনটি?

A. ত্রিশক্তি আঁতাত B. ত্রি-সম্রাট লীগ

C. কংগ্রেস ভিয়েনা D. কৌশক্তি লীগ

13. দাস প্রথা কত সালে উচ্ছেদ করা হয়?

A. ১৮৫০ B. ১৮৫৭ C. ১৮৬০ D. ১৮৬১

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | B | 02 | B | 03 | B | 04 | B | 05 | A | 06 | B | 07 | A | 08 | D |
| 09 | B | 10 | B | 11 | D | 12 | A | 13 | D | | | | | | |

14. মনরো ডকট্রিন কবে প্রণীত হয়?

A. ১৮০০ B. ১৮১৫ C. ১৮১৯ D. ১৮২৩

15. ত্রিশক্তি চুক্তির জনক কে?

A. হিটলার B. কাইজার দ্বিতীয় উইলিয়াম

C. বিসমার্ক D. চার্চিল

16. প্রথম বিশ্বযুদ্ধের সময় প্রথমে ইনফ্লুয়েঞ্জা ধরা পড়ে কোথায়?

A. এশিয়া B. আফ্রিকা C. ইউরোপ D. আমেরিকা

17. কত সালে প্রথম বিশ্বযুদ্ধ অবসান হয়?

A. ১৯১৭ B. ১৯১৮ C. ১৯১৯ D. ১৯২১

18. প্যারিস সম্মেলনে কয়টি সন্ধি স্বাক্ষরিত হয়েছিল?

A. ৩ B. ৫ C. ৭ D. ৮

19. লীগ অব নেশনস্ প্রতিষ্ঠার প্রধান উদ্যোক্তা কে?

A. ডেভিড লয়েড জর্জ B. জর্জ ক্লিমেনশো

C. ভিটোরিও র্লান্ডো D. উড্রো উইলসন

20. ভার্সাই সন্ধিতে কতটি দেশের প্রতিনিধি অংশগ্রহণ করেছিল?

A. ২২ B. ৩২

C. ৪২ D. ৫৩

21. ভার্সাই শহর কোন দেশে অবস্থিত?

A. ফ্রান্স B. রাশিয়া

C. জার্মানি D. যুক্তরাষ্ট্র

22. কত সালে ভার্সাই চুক্তি স্বাক্ষরিত হয়?

A. ১৯১৬ B. ১৯১৭

C. ১৯১৮ D. ১৯১৯

23. জাতিপুঞ্জের স্থায়ী সদস্য রাষ্ট্র কয়টি?

A. ২ B. ৩

C. ৪ D. ৫

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 14 | D | 15 | C | 16 | D | 17 | B | 18 | B | 19 | D | 20 | B | 21 | A |
| 22 | D | 23 | C | | | | | | | | | | | | |

# চতুর্থ অধ্যায়ঃ বলশেভিক বিপ্লব

**এপ্রিল থিসিস**

- বলশেভিক বিপ্লবের নেতা লেনিন বিখ্যাত 'এপ্রিল থিসিস' ঘোষণা করেন- ৩ এপ্রিল, ১৯১৭।
- এপ্রিল থিসিসে বলা হয়- ফেব্রুয়ারির বিপ্লবে বুর্জোয়া শ্রেণির জয় হয়েছে।
- ভ্লাদিমির লেনিন তার এপ্রিল থিসিসে রুশ সেনাদল ও শ্রমিকদের বিপ্লবে শামিল হওয়ার আহ্বান জানান।

**জারতন্ত্র**


বলশেভিক বিপ্লবের পূর্বে রাশিয়ায় বিদ্যমান স্বৈরাচারী রাজতান্ত্রিক শাসনব্যবস্থাকে জারতন্ত্র বলা হয়। অষ্টাদশ শতাব্দীতে রাশিয়ায় স্বৈরাচারী রাজতন্ত্র প্রচলিত ছিল।

**রুশ বিপ্লব**


রুশ বিপ্লবের আরেক নাম বলশেভিক বিপ্লব। ১৯১৭ সালে রাশিয়ায় বলশেভিক বিপ্লব সংঘটিত হয়। এ বিপ্লবের মাধ্যমে ইতিহাসে প্রথমবারের মতো শ্রমিক ও কৃষক শ্রেণি রাষ্ট্র ক্ষমতা দখল করে। লেনিনের নেতৃত্বে বলশেভিক বিপ্লব সংঘটিত হয়। এ বিপ্লবের ফলাফল আফ্রিকা, এশিয়া ও ল্যাটিন আমেরিকায় প্রভাব বিস্তার করে।

## গুরুত্বপূর্ণ তথ্য

- বলশেভিক বিপ্লবের আরেক নাম- রুশ বিপ্লব।
- রাশিয়ার মেনশেভিকরা ছিল- মার্কসবাদে বিশ্বাসী; মেনশেভিক অর্থ- সংখ্যালঘিষ্ঠ।
- বলশেভিক বিপ্লবের পূর্বে রাশিয়া ছিল- স্বৈরাচারী জারতন্ত্র।
- রুশ ভাষায় জনগণ অর্থ- নারোদ।
- What is to be done গ্রন্থের লেখক- ভ্লাদিমির লেনিন।
- Utopia গ্রন্থের লেখক- টমাস ম্যুর।
- রাশিয়ায় স্থায়ী সংবিধান গৃহীত হয়- ১৯২৪ সালে।
- রাশিয়ায় ভূমিদাস প্রথা বাতিল হয়- ১৯৬১ সালে।
- The City of Sun গ্রন্থের লেখক- টমাজ্জো ক্যাম্পানেল্লা।
- ব্রিটিশ ইউটোপীয় সমাজতন্ত্রের জনক- রবার্ট ওয়েন।
- 'সম্পত্তি মানেই হলো চুরি'- উক্তিটি করেছেন- পিয়ের জোসেফ প্রুধো।




টমাস ম্যুরের বিখ্যাত গ্রন্থ Utopia

| | | |
|---|---|---|
|  |  |  |
| সমাজতন্ত্রের জনক কার্ল মার্কস | কমিউনিস্ট ইশতেহার রচনা করেন অ্যাঙ্গেলস ও মার্কস | ব্রিটিশ ইউটোপিয় সমাজতন্ত্রের জনক রবার্ট ওয়েন |

01. রাশিয়ায় কত সালে ভূমিদাস প্রথা রহিত হয়?
A. ১৮৬০ B. ১৮৬১ C. ১৮৬২ D. ১৮৬৩

02. রাশিয়ার শিল্পবিপ্লবের ফলে ভূমিহীন শ্রেণি কোন শ্রেণিতে পরিণত হয়?
A. শিল্প শ্রমিক B. বর্গাচাষি C. ভূমিহীন কৃষক D. জোতদার শ্রেণি

03. সমাজতন্ত্রের ইউটোপীয় অধ্যায়ের পরিসমাপ্তি ঘটে কত সালে?
A. ১৮৪৭ B. ১৮৪৮ C. ১৮৪৯ D. ১৮৫০

04. রাশিয়ায় কত সালে বিপ্লবী সমাজতন্ত্রী দল প্রতিষ্ঠিত হয়?
A. ১৯০১ B. ১৯০২ C. ১৯০৩ D. ১৯০৪

05. বুকাননকে কত সালে রাশিয়ার কারাগারে প্রেরণ করা হয়?
A. ১৮৫০ B. ১৮৫১ C. ১৮৫২ D. ১৮৫৩

06. কার্ল মার্কস কোন দার্শনিকের ধ্যান-ধারণার সমালোচনা করে The Poverty of Philosophy গ্রন্থটি রচনা করেন?
A. অ্যাঙ্গেলস B. লুই ব্লাংক C. সেন্ট সাইমন D. প্রুধো

07. এপ্রিল থিসিসের মাধ্যমে রুশ বিপ্লবের দিক নির্দেশনা দেন কে?
A. কার্ল মার্কস B. বাকুনিন C. লেনিন D. প্রুধো

08. The City of Sun গ্রন্থটি কার?
A. বাকুনিন B. ক্রপোথকিন
C. টমাজো ক্যাম্পানেল্লা D. টমাস ম্যুর

09. ব্রিটিশ ইউটোপীয় সমাজতন্ত্রের জনক কে?
A. রবার্ট ওয়েন B. টমাস ম্যুর C. লুই ব্লাংক D. সেন্ট সাইমন

10. Utopia শব্দটি প্রথম ব্যবহার করেছিলেন কে?
A. টমাস ম্যুর B. সেন্ট সাইমন C. লুই ব্লাংক D. প্রুধো

11. Das Capital গ্রন্থটি কার লেখা?
A. লুই ব্লাংক B. অ্যাঙ্গেলস C. কার্ল মার্কস D. প্রুধো

12. বলশেভিক বিপ্লব কত সালে সংঘটিত হয়?
A. ১৮১০ B. ১৮১৭ C. ১৯১০ D. ১৯১৭

13. রাশিয়ায় শিল্প বিপ্লব ঘটার পরও অর্থনৈতিক মন্দা দেখা দেয় কেন?
A. নতুন বাজার সৃষ্টিতে ব্যর্থ হওয়ায় B. শিল্পের কাঁচামাল জোগাড়ে ব্যর্থ হওয়ায়
C. কৃষিতে বিপ্লব ঘটায় D. কৃষিখাত ধ্বংস হওয়ায়

14. রাশিয়াকে সমাজতান্ত্রিক রাষ্ট্রে পরিণত করেন কে?
A. লেনিন B. কার্ল মার্কস C. নেপোলিয়ন D. বিসমার্ক

15. 'সম্পত্তি মানেই হলো চুরি'-উক্তিটি কার?
A. পিয়ের জোসেফ প্রুধোর B. কার্ল মার্কসের
C. মিখাইল বাকুনিনের D. অ্যাঙ্গেলসের

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | B | 02 | A | 03 | B | 04 | C | 05 | A | 06 | D | 07 | C | 08 | C |
| 09 | A | 10 | A | 11 | C | 12 | D | 13 | A | 14 | A | 15 | A | | |

16. রাশিয়ায় শিল্প বিপ্লব শুরু হয় কখন?

A. অষ্টাদশ শতাব্দীর প্রথম দশকে
B. অষ্টাদশ শতাব্দীর শেষ দশকে
C. ঊনবিংশ শতাব্দীর প্রথম দশকে
D. ঊনবিংশ শতাব্দীর শেষ দশকে

17. বিশ্ব ইতিহাসে বলশেভিক গুরুত্বপূর্ণ ঘটনা হিসেবে পরিচিত কেন?

A. প্রথম গণতান্ত্রিক বিপ্লব
B. প্রথম সমাজতান্ত্রিক বিপ্লব
C. প্রথম শিল্প বিপ্লব
D. প্রথম স্বাধীনতা বিপ্লব

18. লেনিন কত সালে জন্মগ্রহণ করেন?

A. ১৮৭০ B. ১৮৭১ C. ১৮৭২ D. ১৮৭৩

19. লেনিন কীভাবে মারা যান?

A. হৃদরোগে আক্রান্ত হয়ে
B. বিরোধীদের গুলিতে
C. বলশেভিকদের দ্বারা
D. মেনশেভিকদের দ্বারা

20. রুশ বিপ্লবের প্রাক্কালে রাশিয়ার জনসংখ্যার বেশির ভাগ ছিল-

A. কৃষক B. শ্রমিক C. চাকুরিজীবী D. ভূমিদাস

21. রুশ বিপ্লবের অপর নাম কী?

A. গণতান্ত্রিক বিপ্লব
B. প্রজাতান্ত্রিক বিপ্লব
C. সমাজতান্ত্রিক বিপ্লব
D. ধনতান্ত্রিক বিপ্লব

22. কোন আদর্শ বাস্তবায়নের জন্য বলশেভিক বিপ্লব শুরু হয়?

A. সমাজতন্ত্র B. গণতন্ত্র C. পুঁজিবাদ D. স্বৈরতন্ত্র

23. কার্ল মার্কস সবচেয়ে বেশি পরিচিতি লাভ করেছিলেন কীভাবে?

A. স্বাধীনভাবে মত প্রকাশের কারণে
B. শ্রমজীবী মানুষকে বিপ্লবের জন্য উদ্বুদ্ধ করে
C. সমাজতন্ত্র মতবাদের বৈজ্ঞানিক তত্ত্ব দিয়ে
D. বিভিন্ন গ্রন্থ লেখার মাধ্যমে

24. বৈষম্যহীন সমাজ ব্যবস্থার সর্বপ্রথম ধারণা দেন কে?

A. টমাস ম্যুর B. রবার্ট ওয়েন C. কার্ল মার্কস D. ফ্রেডারিক

25. কার প্রতিষ্ঠিত শাসনব্যবস্থা রাশিয়ায় জারতন্ত্র নামে পরিচিতি পায়?

A. তৃতীয় ইভান দ্য গ্রেট
B. চতুর্থ ইভান দ্য গ্রেট
C. দ্বিতীয় নিকোলাস
D. মিশেল রোভানভ

26. কার্ল মার্কসের তত্ত্বের ভিত্তিতে সমাজতন্ত্রের সফল বাস্তবায়ন করেছিলেন-

A. অ্যাঙ্গেলস B. লেনিন C. ট্রটস্কি D. স্ট্যালিন

27. 'ইউটোপিয়াজম' কী?

A. নৈরাজ্যবাদ
B. অবাস্তব আদর্শবাদ
C. সাম্যবাদ
D. কল্পনাবাদ

28. সামন্ততন্ত্রের ভিত্তি কী ছিল?

A. জনগণ B. যুদ্ধ বিগ্রহ C. ম্যানর পদ্ধতি D. কৃষি উন্নয়ন

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 16 | D | 17 | B | 18 | A | 19 | A | 20 | A | 21 | C | 22 | A | 23 | C |
| 24 | A | 25 | A | 26 | B | 27 | D | 28 | C | | | | | | |

# পঞ্চম অধ্যায়: হিটলার ও মুসোলিনীর উত্থান এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধ

## নাৎসীবাদ

নাৎসীবাদ হলো ফ্যাসিবাদের জার্মান সংস্করণ। সন্ত্রাসী কর্মকাণ্ডের মাধ্যমে জার্মান উগ্র জাতীয়তাবাদী গোষ্ঠী দেশে গণতান্ত্রিক শক্তিকে সম্পূর্ণরূপে নিশ্চিহ্ন করতে বদ্ধপরিকর ছিল। এ জন্য এদের ভাবাদর্শকে নাৎসীবাদ বলে। নাৎসীবাদের মতে, গণতন্ত্র মূর্খ, নির্বোধ ও অযোগ্যদের শাসন এবং এ শাসনে মানুষের সত্যিকারের মুক্তি সম্ভব নয়। নাৎসীবাদে ব্যক্তি স্বাধীনতা বলে কিছু নেই।

## ফ্যাসিবাদ

ফ্যাসিবাদ হলো এমন একটি মতবাদ, যার মূলকথা হলো রাষ্ট্রই সকল শক্তির আধার। ইতালীয় শব্দ Fascio থেকে Fascism শব্দটির উদ্ভব। এর একটি অর্থ হলো 'বল' বা শক্তি। অপর একটি অর্থ গুচ্ছ বা আঁটি। উৎপত্তিগত অর্থে ফ্যাসিবাদ হলো এমন বল বা শক্তি যা সহজে ভাঙা সম্ভব নয়। এই অর্থটি গ্রহণ করে বেনিতো মুসোলিনী ইতালিতে যে মতবাদের জন্ম দিয়েছেন, তাই ফ্যাসিবাদ। এ মতবাদের মাধ্যমে মুসোলিনী ইতালিকে একটি সর্বাত্মক রাষ্ট্রে পরিণত করেন।

## একনায়কত্ব

ল্যাটিন শব্দ Dictotor থেকে Dictatorship কথাটির উৎপত্তি। কোনো শাসক যখন শাসিতের মতামতের তোয়াক্কা না করে একচ্ছত্রভাবে শাসনকাজ চালিয়ে যায়, তখন তার শাসনকে একনায়কত্ব বলে। রোমান প্রজাতন্ত্রের সময় থেকে এর উৎপত্তি। বর্তমান দুনিয়ায় বিভিন্ন ধরনের একনায়কত্ব বিভিন্ন দেশে চালু আছে। যেমন- বুর্জোয়া একনায়কত্ব, সর্বহারা একনায়কত্ব ও সামরিক একনায়কত্ব ইত্যাদি।

## অক্ষশক্তি চুক্তি


দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রাক্কালে জার্মানি ও ইতালির মধ্যে পরস্পর সহযোগিতাভিত্তিক যে চুক্তি সম্পাদিত হয়েছিল, তা আন্তর্জাতিক সম্পর্কের ইতিহাসে অক্ষশক্তি চুক্তি নামে খ্যাত। অক্ষশক্তি চুক্তি মূলত কমিউনিস্টবিরোধী চুক্তি হলেও এটাকে মিত্রশক্তির বিরুদ্ধে সামরিক জোট বলা যেতে পারে। ১৯৩৭ সালে ইতালি এ শক্তিজোটে যোগদান করে।

## ওয়েমার সংবিধান

- ওয়েমার সংবিধান ছিল জার্মানির- অত্যন্ত সুশৃঙ্খল ও গণতান্ত্রিক সংবিধান।
- এই সংবিধানে জার্মানিকে একটি ফেডারেশনে রূপান্তরিত করে দ্বি-কক্ষবিশিষ্ট আইনসভার ব্যবস্থা করা হয়।
- এতে গোপন ভোটের মাধ্যমে আইনসভার প্রতিনিধি নির্বাচিত হন। যেকোনো গুরুত্বপূর্ণ জাতীয় ইস্যুতে গণভোটের মাধ্যমে জনমত যাচাইয়ের ব্যবস্থা থাকতো।

## গুরুত্বপূর্ণ তথ্য

- মুসোলিনী বেকার সমস্যার দূর করার জন্য শিফট প্রথা গ্রহণ করেন।
- 'ফুয়েরার' শব্দের অর্থ- নেতা।
- Fascio শব্দের অর্থ- বল বা শক্তি।
- আর্যদের মধ্যে শ্রেষ্ঠ ছিল- নর্ডিকরা।
- জার্মানিতে ওয়েমার সংবিধান প্রণীত হয়- ১৯১৯ সালে।
- নাৎসী পার্টি তাদের কর্মসূচি ঘোষণা করে- ১৯২০ সালে।
- গ্রেট ওয়ার হিসেবে খ্যাত যে যুদ্ধ- দ্বিতীয় বিশ্বযুদ্ধ।



১৯২২ সালে মুসোলিনী রোম দখল করে।

## অনুশীলনী

01. জার্মানিতে ভেইমার সংবিধান প্রণীত হয় কত সালে?
A. ১৯১৯ B. ১৯২১ C. ১৯২৩ D. ১৯২৫

02. হিটলার তার সেনাবাহিনীকে কত ডিভিশনে উন্নীত করার পরিকল্পনা গ্রহণ করেন?
A. ৩৩ B. ৩৪ C. ৩৫ D. ৩৬

03. নাৎসী পার্টি কত সালে তাদের কর্মসূচি ঘোষণা করেন?
A. ১৯১৮ B. ১৯১৯ C. ১৯২০ D. ১৯২১

04. নাৎসী দলের প্রধান বৈশিষ্ট্য কী ছিল?
A. দুর্নীতি B. বর্ণ বৈষম্য C. জাতীয়তার অহম D. নির্যাতন

05. হলোকাস্ট করা হয়েছিল কেন?
A. নাৎসীদের ধ্বংস করার জন্য B. ফ্রাসিস্টদের ধ্বংসের জন্য
C. জাপানিদের ধ্বংসের জন্য D. ইহুদি নিধনের জন্য

06. ১৯২০-এর দশকে কোথায় ফ্যাসিবাদের উত্থান ঘটে?
A. জার্মানিতে B. ইতালিতে C. অস্ট্রিয়ায় D. বুলগেরিয়ায়

07. ইতালিতে কার নেতৃত্বে ফ্যাসিবাদের উত্থান ঘটে?
A. হিটলার B. মুসোলিনী C. লেনিন D. স্ট্যালিন

08. ফ্যাসিবাদের মূলমন্ত্র কী?
A. যুদ্ধই জীবন যুদ্ধই মরণ B. নেতা সকল শক্তির আধার
C. জনগণ সকল শক্তির উৎস D. রাষ্ট্র সকল ক্ষমতার আধার

09. মুসোলিনী কোথায় জন্মগ্রহণ করেন?
A. ইতালিতে B. ফ্রান্সে C. জার্মানিতে D. গ্রিসে

10. ফ্যাসিজম-এর প্রবর্তক কে?
A. লেনিন B. স্ট্যালিন C. হিটলার D. মুসোলিনী

11. ইতালিতে উগ্র জাতীয়তাবাদের জাগরণ ঘটে কেন?
A. সরকার জনগণের আশা-আকাঙ্ক্ষা পূরণে ব্যর্থ হয়েছিল বলে
B. প্যারিস সম্মেলন থেকে শূন্য হাতে ফিরতে হয়েছিল বলে
C. ফ্রান্স কর্তৃক আক্রমণের ফলে
D. ব্রিটেন কর্তৃক অপমানিত হওয়ার ফলে

12. ইংরেজিতে গ্রেট ওয়ার হিসেবে খ্যাত কোন যুদ্ধ?
A. প্রথম বিশ্বযুদ্ধ B. দ্বিতীয় বিশ্বযুদ্ধ C. ইঙ্গ-মার্কিন যুদ্ধ D. কলিঙ্গযুদ্ধ

13. দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়কাল কোনটি?
A. ১৯৩৭-১৯৪৩ B. ১৯৩৮-১৯৪৪ C. ১৯৩৯-১৯৪৫ D. ১৯৪০-১৯৪৬

14. ৬ আগস্ট, ১৯৪৫ হিরোশিমায় যে পারমাণবিক বোমা নিক্ষেপ করা হয় তার নাম কী?
A. লিটল বয় B. ফ্যাটম্যান
C. ফাদার অব অল বোমস D. মাদার অব অল বোমস

### উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | A | 02 | C | 03 | C | 04 | C | 05 | D | 06 | B | 07 | B | 08 | D |
| 09 | A | 10 | D | 11 | B | 12 | B | 13 | C | 14 | A | | | | |

15. জাপান পার্ল হারবার আক্রমণ করে কত তারিখে?

A. ৬ ডিসেম্বর, ১৯৪১ B. ৭ ডিসেম্বর, ১৯৪১
C. ৮ ডিসেম্বর, ১৯৪১ D. ৯ ডিসেম্বর, ১৯৪১

16. ভৌগোলিক সাম্রাজ্যবাদের অবসান ঘটে কীভাবে?

A. প্রথম বিশ্বযুদ্ধের মাধ্যমে B. ফরাসি বিপ্লবের মাধ্যমে
C. দ্বিতীয় বিশ্বযুদ্ধের মাধ্যমে D. শিল্প বিপ্লবের মাধ্যমে

17. নাৎসীবাদ শব্দটি কোন ব্যক্তির সাথে সাদৃশ্যপূর্ণ?

A. ভ্লাদিমির লেনিন B. যোসেফ স্ট্যালিন C. এডলফ হিটলার D. বেনিতো মুসোলিনী

18. হিটলার লিখিত 'Mein Kampf' গ্রন্থের প্রধান উপজীব্য কী?

A. জেল জীবন B. রাজনৈতিক জীবন C. নাৎসীবাদ D. সরকারি সমালোচনা

19. হিটলার কোন দেশের রাষ্ট্রনায়ক ছিলেন?

A. ইতালি B. পোল্যান্ড C. জার্মানি D. বেলজিয়াম

20. Mein Kampf এর রচয়িতা কে?

A. এডলফ হিটলার B. মুসোলিনী
